# তিতুমীর কলেজ শিক্ষার্থীদের ফের ৪৮ ঘণ্টার আল্টিমেটাম

নিজস্ব বার্তা পরিবেশক

তিতুমীর সরকারি কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য কমিটি গঠনে সরকারকে ৪৮ ঘণ্টা সময় বেধে দিয়েছে শিক্ষার্থীরা। তারা গতকাল সকালে রাজধানীর মহাখালিতে তিতুমীর কলেজ ক্যাম্পাসে সংবাদ সম্মেলন এ ঘোষণা দেন।

এ সময় ২০১৯-২০ সেশনের স্নাতকোত্তরের শিক্ষার্থী মোশাররফ হোসেন রাব্বী বলেন, 'আগামী ৪৮ ঘণ্টার মধ্যে তিতুমীর বিশ্ববিদ্যালয়ের সম্ভাব্যতা যাচাইয়ে কমিটি গঠনের তথ্য সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করতে হবে। কমিটি প্রকাশের পর ৩ কর্মদিবসের মধ্যে তিতুমীর কলেজে এসে সরেজমিনে পরিদর্শন করার মাধ্যমে কাজ শুরু করতে হবে।'




বাধ্য হব।'

২০২১-২২ সেশনের স্নাতকোত্তর পর্বের শিক্ষার্থী আবদুল হামিদ বলেন, 'গত ১৮ নভেম্বর আলোচনায় মন্ত্রণালয় আমাদের দাবির যৌক্তিকতা বুঝতে পারে এবং তিতুমীর বিশ্ববিদ্যালয় গঠনের জন্য একটি শক্তিশালী কমিটি করার সিদ্ধান্ত নেয়; যা প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়ার কথা থাকলেও তারা তা প্রকাশে তালবাহানা শুরু করে।'

এর প্রতিবাদে তিতুমীর কলেজের শিক্ষার্থীরা রাতেই ফের রাস্তায় নেমে আসে উল্লেখ করে তিনি আরও বলেন, 'পরবর্তীতে রাতেই রাষ্ট্রের উর্ধ্বতন কর্মকর্তাদের মাধ্যমে আমাদের আলোচনা হয় এবং তারা এটি নিশ্চিত করেন যে ১৯ নভেম্বর প্রধান উপদেষ্টা, শিক্ষা উপদেষ্টা এবং সংশ্লিষ্ট ব্যক্তিরা বসে আমাদের বিষয়ে তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয় করার সম্ভব্যতা যাচাইয়ে একটি পৃথক কমিটি হবে এবং এই কমিটি গঠনের জন্য ৭ দিন সময়ের কথা বলেন নাহিদ ইসলাম।'

তারা প্রাথমিকভাবে মন্ত্রণালয়ের এই সিদ্ধান্তকে 'সম্মান' জানিয়ে সব কর্মসূচি স্থগিত করে শিক্ষার্থীদের ক্যাম্পাসে ফেরার আহ্বান জানান উল্লেখ করে আবদুল হামিদ বলেন, 'মন্ত্রণালয়ের দেয়া ৭ দিন সময় অপেক্ষা করতে বলি। আমরা তিতুমীর কলেজের শিক্ষার্থীরা শান্তিপূর্ণভাবে এই ৭ দিন ক্যাম্পাসে স্বাভাবিক কার্যক্রমের অংশগ্রহণ করি।

কিন্তু ৭ দিন অতিবাহিত হওয়ার পরও তারা কমিটি করার বিষয়ে কোনো আপডেট আমাদের দেয়নি। আমরা তাদের সঙ্গে বারবার যোগাযোগ করি; কিন্তু বারবারই বলা হয়- 'কমিটি করার প্রক্রিয়া চলমান, অপেক্ষা করুন।'

শিক্ষা মন্ত্রণালয়ের এমন 'দোদুল্যমান' সিদ্ধান্তে তিতুমীর কলেজের শিক্ষার্থীরা 'ব্যথিত' উল্লেখ করে আরেক শিক্ষার্থী বলেন, 'তাদের এমন তালবাহানার কারণেই আমরা বলতে বাধ্য হই- 'আপনারা এখনো কমিটি প্রকাশ করতে পারলেন না'।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত সরকারি তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের দাবিতে গত ১৮ নভেম্বর মহাখালীর আমতলী, কাঁচাবাজার ও রেলক্রসিংয়ে শিক্ষার্থীরা [illegible]

মাধ্যমে কাজ শুরু করতে হবে।

কমিটি প্রকাশের ১৫ দিনের মধ্যে তিতুমীর বিশ্ববিদ্যালয়ের সম্ভাব্যতা যাচাইয়ের বিষয়ে বিস্তারিত রিপোর্ট প্রদান করবেন মন্তব্য করে তিনি বলেন, '৪৮ ঘণ্টার মধ্যে তিতুমীর বিশ্ববিদ্যালয়ের সম্ভাব্যতা যাচাইয়ের কমিটির বিষয়ে আমাদের এই ৩ দফা দাবি মেনে না নেয়া হলে আমরা পরবর্তী কর্মসূচির দিকে ধাবিত হতে সংশ্লিষ্ট ব্যক্তিরা বসে আমাদের বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেবেন।'

আবদুল হামিদ বলেন, '১৯ নভেম্বর তারা আমাদের সঙ্গে পুনরায় আলোচনায় বসেন, যেখানে উপস্থিত ছিলেন শিক্ষা উপদেষ্টার বিশেষ সহকারী ড. এম আমিনুল ইসলাম এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষক উপদেষ্টা নাহিদ ইসলাম। এ আলোচনায় সিদ্ধান্ত আছে যে- শিক্ষার্থীরা জড়ো হন। তারা কলেজটিকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরে কমিশন গঠনের দাবি জানান।

শিক্ষার্থীরা মহাখালীতে সড়ক ও রেলপথ অবরোধ করলে রাজধানীজুড়ে যানজট সৃষ্টি হয়। দিনভর অবরোধের পর শিক্ষা মন্ত্রণালয়ে আলোচনার কথা বলে ওইদিন বিকাল ৪টায় কর্মসূচি প্রত্যাহার করেন শিক্ষার্থীরা।